

# যুগান্ত

প্রিন্ট: ২৩ নভেম্বর ২০২৫, ০২:৪৪ পিএম

## শিক্ষান্তর

# ঢাকা বিশ্ববিদ্যালয় ১৫ দিন বন্ধ ঘোষণা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২২ নভেম্বর ২০২৫, ১১:৩৫ পিএম



ফাইল ছবি।

ভূমিকম্প পরবর্তী উন্নত জরুরি পরিস্থিতিতে আগামী ৬ ডিসেম্বর পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়েছে। আগামীকাল রোববার বিকাল ৫টার মধ্যে শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেওয়া হয়েছে।

শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় সিভিকেটের এক জরুরি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।  
বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

উপাচার্য অধ্যাপক নিয়াজ আহমদ খানের সভাপতিত্বে ভার্চুয়ালি এ সভা অনুষ্ঠিত হয়। সভায় আগামী ৬ ডিসেম্বর শনিবার পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা বন্ধ রাখা এবং আবাসিক হলগুলো খালি রাখার সিদ্ধান্ত নেওয়া হয়। আগামীকাল বিকাল ৫টার মধ্যে আবাসিক হলগুলো খালি করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে প্রাধ্যক্ষদের প্রতি অনুরোধ জানানো হয় সভায়।

### হাসিনার পক্ষ নেওয়া শিক্ষকদের চাকরিচুক্তির আলটিমেটাম ৪ ছাত্র সংসদের

বিজ্ঞপ্তিতে বলা হয়, সভায় সাম্প্রতিক ভূমিকম্প ও পরাধাতের কারণে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক আঘাতের বিষয়টি বিবেচনা করা হয়। পাশাপাশি তাদের সার্বিক নিরাপত্তার দিক সর্বাধিক গুরুত্ব দেওয়া হয়।

### রাফিয়ার পাশে দাঁড়িয়ে যা বললেন ঢাবি শিক্ষিকা মোনামি

সভায় বুয়েটের বিশেষজ্ঞ, পরিকল্পনা ও উন্নয়ন অফিসের পরিচালক এবং প্রধান প্রকৌশলীর মতামত বিশ্লেষণ করা হয়। তারা ভূমিকম্প পরবর্তী আবাসিক হলগুলোর পুঁজ্বানুপুঁজ্বা পরীক্ষা-নিরীক্ষা করে সামগ্রিক ঝুঁকি মূল্যায়ন ও প্রয়োজনীয় সংস্কার দরকার বলে মতামত দেন। ঝুঁকি নিরূপণ ও সন্তাব্য সংস্কারের স্বার্থে আবাসিক হলগুলো খালি করার কথাও বলেন তারা।

তবে বন্ধের সময় বিশ্ববিদ্যালয়ের অফিসগুলো যথারীতি খোলা থাকবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।